



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন  
কমিটি



২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	সালমা আক্তার পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটি
সভার তারিখ	২২-০৮-২০২৩
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	৪র্থ তলার সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযুক্ত

সূচনা:

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)'র “সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন” কমিটির ১ম সভা গত ২২-০৮-২০২৩ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় কমিটির সভাপতির সভাপতিত্বে অধিদপ্তরের ৪র্থ তলার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনা:


সভাপতির অনুমোদনক্রমে কমিটির সদস্য জনাব মো: আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভায় বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার বিভিন্ন দিক তুলে ধরেন। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিভিন্ন পরিকল্পনা বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত সমূহ:

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম	সিদ্ধান্ত
১.১ ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	জিএসবি'র শাখাগুলোকে ৪ ভাগ করে ত্রৈমাসিক ভিত্তিতে সভা করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।	আওতাধীন দপ্তর/সংস্থা না থাকায় জিএসবি'র স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা অনলাইনে আয়োজন করা হবে। এ বিষয়ক ১ম সভা সেপ্টেম্বরের ২য় সপ্তাহে আয়োজন করা হবে।
২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন।	যথাসময়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করা হবে।
২.২ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ১টি কর্মশালা জিএটিসি শাখার মাধ্যমে করা হবে। যথাসময়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা হবে।
বিবিধ	জনাব মো: আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) কে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট করে ওয়েবসাইট হালনাগাদ করা হবে।

সমাপ্তি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সালমা আক্তার

পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, সেবা প্রদান  
প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটি

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.৯১

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০

৩১ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (ভূপদার্থ)-৩, ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (রসায়ন)-২, বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ড্রিলিং)-৪, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মো: আহসান হাবিব

সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,  
সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও  
মূল্যায়ন কমিটি